



বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)

সেচ ভবন, ৪র্থ তলা, ২২ মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোন : ৯১১৭৮৬২, ৯১৩৬৪৯৫, ফ্যাক্স : ৮৮০-৯১২৭৫১৬, Email : birtan_bd@yahoo.com Web: www.birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০৭.৭১.০০১.১৮-৯

তারিখ : ১৯.০৮.২০১৮ ইং
০৪.০৫.১৪২৫ বাং

বিষয় : খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়ন প্রসংগে।

বারটান-এর রোড ম্যাপ অনুযায়ী ২০১৮-১৯ অর্থ বছরে উপরোল্লিখিত বিষয়ে ৪ (চার) ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম আগামী ০৪-০৬ এবং ০৯-১১ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখে নরসিংদী জেলার বেলাবো উপজেলায় বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণার্থীর ধরণ, সংখ্যা এবং প্রশিক্ষণ বাস্তবায়নের তারিখ ও স্থান নিম্নে উল্লেখ করা হ'ল :

ব্যাচ নং	প্রশিক্ষণার্থীর ধরণ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	প্রশিক্ষণ বাস্তবায়নের তারিখ ও স্থান	
			তারিখ	স্থান
১ম ব্যাচ	নতুন নিয়োগপ্রাপ্ত এসএএও, মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা, স্কুল/মাদ্রাসা শিক্ষক, ইমাম, পুরোহিত ও এনজিও কর্মী	৩০ জন	০৪-০৬ এবং ০৯-১১ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ	কৃষি কর্মকর্তার প্রশিক্ষণ কক্ষ, বেলাবো
২য় ব্যাচ	কিষাণ-কিষাণী	৩০ জন	০৪-০৬ এবং ০৯-১১ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ	উপজেলা পরিষদ মিলনায়তন, বেলাবো

উল্লেখ্য অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্মারক অনুযায়ী এসএএও, মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা, স্কুল/মাদ্রাসা শিক্ষক, ইমাম, পুরোহিত ও এনজিও কর্মী মাথাপিছু দৈনিক শুধুমাত্র ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা এবং কিষাণ-কিষাণী মাথাপিছু দৈনিক ২০০/- (দুইশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন। প্রত্যেক রিসোর্স পার্সন (বারটান এর কর্মকর্তা ব্যতীত) পাঠদানের জন্য ঘণ্টা প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা হারে সম্মানী ভাতা প্রাপ্য হবেন।

এমতাবস্থায়, প্রশিক্ষণার্থী নির্বাচন এবং অন্যান্য রিসোর্স পার্সন (বারটান এর কর্মকর্তা ব্যতীত) মনোনয়ন দানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল (পূর্বে যারা এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে পুনঃরায় মনোনয়ন দেয়া যাবে না)। এছাড়া বারটান এর প্রশিক্ষণ প্রদান এর জন্য দায়িত্বপ্রাপ্ত দুই জন কর্মকর্তার আগামী ০৩-০৫ এবং ০৮-১০ সেপ্টেম্বর, ২০১৮ খ্রিঃ বেলাবোতে সরকারি ব্যবস্থাপনাধীন আবাসনের ব্যবস্থা গ্রহণের জন্যও অনুরোধ করা হলো।

কাজী আবুল কালাম
পরিচালক (যুগ্ম-সচিব)

উপজেলা কৃষি কর্মকর্তা
বেলাবো
নরসিংদী

অনুলিপি বিতরণ : সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে।

- ০১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নরসিংদী।
- ০২। পিএসও (চঃদাঃ), বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ০৩। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
(নির্বাহী পরিচালক মহোদয়ের অবগতির জন্য।)
- ০৪। হিসাব শাখা, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।
- ০৫। অফিস নথি, বারটান প্রধান কার্যালয়, সেচ ভবন, ঢাকা।